

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৯১০০.০১৭.৯৯.০০২.১৬. ৬৯৪

তারিখ : ০১ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ।
১৫ মার্চ, ২০১৬ খ্রিঃ।

বিষয় : ইউনিয়ন পরিষদ নির্বাচনের মেয়াদ উত্তীর্ণ সংক্রান্ত প্রতিবেদন।

সূত্র : জেলা প্রশাসক, সিলেট কার্যালয়ের স্মারক নং-২১৭, তারিখঃ ২৫ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জেলা প্রশাসক, সিলেট এর সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্মারকের মাধ্যমে জেলা প্রশাসক, সিলেট জানিয়েছে যে, সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলার নবসৃষ্ট কামালবাজার ইউনিয়নের সীমানা নির্ধারণে মোল্লারগাঁও ও তেতলী ইউনিয়নের সাথে আইনগত জটিলতা সৃষ্টি হওয়ায় মহামান্য হাইকোর্ট বিভাগে ৬৪৭৩/১১, ৬৮৭৪/১১ ও ৬৯২২/১১নং রীট মামলা দায়ের করা হয় (সংযুক্তি-০১)। মহামান্য আদালত কর্তৃক ০৬ অক্টোবর, ২০১৩ তারিখে “Rules are discharged” উল্লেখ করে আদেশ প্রদান করা হয়েছে (সংযুক্তি-০২)। উক্ত আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিভিল মিসিলিনিয়াস পিটিশন নম্বর ১২৯৩/১৩ দায়ের হয়, যার প্রেক্ষিতে পরবর্তীতে সিভিল পিটিশন লীভ টু আপীল নম্বর ২৮৯৪/২০১৫ দায়ের করা হয়েছে এবং আগামী ২৬ জুন, ২০১৬ তারিখে সংশ্লিষ্ট মামলা শুনানীর জন্য ধার্য আছে মর্মে জেলা প্রশাসকের পত্রে উল্লেখ করা হয়েছে (সংযুক্তি-০৩)।

০২। জেলা প্রশাসক, সিলেট এর পত্রে আরো উল্লেখ করা হয় যে, ফেঞ্চুগঞ্জ উপজেলাধীন পুরাতন ০৩ (তিন) টি ইউনিয়ন ভেঙ্গে নতুন ০৫ (পাঁচ) টি ইউনিয়ন গঠন করা নিয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৯৯২৯/১১ দায়ের করা হয়। যার সর্বশেষ আদেশে ২৫ মে, ২০১৫ তারিখে ০৬ (ছয়) মাসের জন্য স্থগিতাদেশ হয় (সংযুক্তি-০৪)। ইতোমধ্যে বর্ণিত ০৬ (ছয়) মাস অতিবাহিত হয়েছে এবং সংশ্লিষ্ট মামলার বিষয়ে আর কোন তথ্য জানা নেই মর্মে জেলা প্রশাসক জানিয়েছেন।

০৩। এমতাবস্থায়, জেলা প্রশাসক, সিলেট এর পত্রে উল্লিখিত সিলেট জেলাধীন দক্ষিণ সুরমা উপজেলার নবগঠিত কামালবাজার, মোল্লারগাঁও ও তেতলী ইউনিয়ন পরিষদ এবং ফেঞ্চুগঞ্জ উপজেলার ০৫ (পাঁচ) টি ইউনিয়ন পরিষদের কার্যকাল ইতোমধ্যে শেষ হয়ে যাওয়ায় এবং নির্বাচন অনুষ্ঠানে আদালত কর্তৃক কোন নিষেধাজ্ঞা না থাকার প্রেক্ষিতে নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : (ক) জেলা প্রশাসক, সিলেট এর পত্রের ছায়ািলিপি-----পাতা।

(খ) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর কপি-----পাতা

(গ) রীট পিটিশন নং-২৮৯৪/২০১৫,

রীট পিটিশন নং-৯৯২৯/২০১১, রীট পিটিশন-৬৮৭৩/২০১১, রীট পিটিশন নং-৬৯২২/২০১১

এর আদেশের কপি-----পাতা।

(শরীফ আহমেদ)

সিনিয়র সহকারী সচিব

☎ ৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

সচিব

আইন ও বিচার বিভাগ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

ঢাকা।

অনুলিপি :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।